# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৬. আসরের পরে লেখাপড়া না করা

আমাদের দেশে অনেক আলিম ও তালিবুল ইলমদের মধ্যে প্রচলিত আছে যে, আসরের পরে লেখাপড়া করলে চোখের ক্ষতি হয়। একটি বানোয়াট হাদীস থেকে ধারণাটির উৎপত্তি। উক্ত বানোয়াট হাদীসে বলা হয়েছে:

مَنْ أَحَبَّ كَرِيْمَتَيْهِ فلا يَكْتُبَنَّ بَعْدَ الْعَصْرِ

“যে ব্যক্তি তার চক্ষুদ্বয়কে ভালবাসে সে যেন আসরের পরে না লেখে।”

কথাটি হাদীস নয়। এর কোন ভিত্তি নেই। কম আলোতে, অন্ধকারে বা আলো-আঁধারিতে লেখাপড়া করলে চোখের ক্ষতি হতে পারে। ডাক্তারগণ এ বিষয়ে অনেক কিছু বলতে পারেন। কিন্তু এ বিষয়ে কোন হাদীসে নেই।[1]

## ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ৩৯৭; মোল্লা কারী, আল-আসরার, পৃ: ২১৬; আল-মাসনূ‘, পৃ: ১৪১; যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ: ১৭৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4887

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন